# European University
Approved by UGC & Govt. **Of Bangladesh**

We Shape ..........
Your Dream ......


স্মারক নং: ইইউবি/ফাই৪০১ নং-১৪/২০২৬

তারিখ: ১৪ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি)-এর Board of Administrators (BoA)-এর সভার কার্যবিবরণী।**

অদ্য ১৪ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ, রোজ মঙ্গলবার, বিকাল ০৫:০০ ঘটিকায় ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি)-এর জন্য সরকার কর্তৃক গঠিত Board of Administrators (BoA)-এর সম্মানিত চেয়ারম্যান Professor Dr. Muhammad Mezbah-ul-Islam-এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়।সভায় Board of Administrators (BoA)-এর সম্মানিত সদস্য Professor Dr. Md. Elias Al-Mamun, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার মোশারফ হোসাইন সরকার এবং হিসাব (Accounts) বিভাগের সকল কর্মকর্তা উপস্থিত থেকে সভার কার্যক্রমে অংশগ্রহণ করেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের হিসাব বিভাগের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করেন এবং নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করেন:

**সিদ্ধান্তসমূহ:**

১। শিক্ষার্থীদের টিউশন ফি জমা প্রদানের প্রক্রিয়া আরও সহজ ও প্রযুক্তিনির্ভর করার লক্ষ্যে Rocket-এর মাধ্যমে টিউশন ফি গ্রহণের ব্যবস্থা চালু করার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে Rocket-এর মাধ্যমে লেনদেনজনিত সকল সার্ভিস চার্জ/ব্যয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে।

২। শিক্ষার্থীদের টিউশন ফি জমা প্রদানে অধিকতর সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Dutch-Bangla Bank PLC (DBBL)-এর একটি বুথ/সার্ভিস পয়েন্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বর্তমানে ব্যবহৃত Pipilika Software-এর কার্যকারিতা মূল্যায়ন করে এর পরিবর্তে অধিক নিরাপদ, আধুনিক ও নির্ভরযোগ্য সফটওয়্যার ব্যবস্থাপনা চালুর লক্ষ্যে স্বনামধন্য আইটি প্রতিষ্ঠানের নিকট থেকে উন্মুক্ত দরপত্র (Tender) আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। শিক্ষার্থীদের টিউশন ফি পরিশোধ ব্যবস্থা আরও সহজ, দ্রুত ও ব্যবহারবান্ধব করার লক্ষ্যে Pipilika Software-এর কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা ও পরামর্শক্রমে bKash, Nagad এবং Rocket-এর পেমেন্ট গেটওয়ে বিশ্ববিদ্যালয়ের সফটওয়্যার সিস্টেমে সংযুক্ত (Integration) করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়, যাতে শিক্ষার্থীরা উক্ত ডিজিটাল মাধ্যমসমূহ ব্যবহার করে সহজে টিউশন ফি পরিশোধ করতে পারে।

আর কোনো আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪.৭.২৬

প্রফেসর ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম
চেয়ারম্যান
বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটরস (বিওএ)
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ


**Mailing Address :**
**Permanent Campus: 2/4. Gabtoli, Mirpur, Dhaka-1216.**
**www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd**